দৈনিক
জনকণ্ঠ

তারিখ 03 NOV 2016
পৃষ্ঠা ২০ কলাম ২

# ঢাবি ভাস্কর্য বিভাগের বার্ষিক শিল্পকর্ম প্রদর্শনী উদ্বোধন

**স্টাফ রিপোর্টার ॥** গ্যালারিতে শোভা পাচ্ছে লোহা ও তারের সমন্বয়ে তৈরি 'ডিসিসড ওম্যান' শীর্ষক শিল্পকর্ম। এটি তৈরি করে নিরীক্ষামূলক শ্রেষ্ঠ পুরস্কার অর্জন করেছেন সুমন বর্মণ। একদিকে রয়েছে কঙ্কাল, কলস, পোকা, নারীসহ মিশ্র ধাতুর শিল্পকর্ম, অন্যদিকে রয়েছে শঙ্খ, চার্জার, মস্তক, বিড়াল, মুখের অবয়বসহ বেশকিছু শিল্পকর্ম। অধিকাংশ

## সংস্কৃতি সংবাদ

শিল্পকর্ম, লোহা, কাগজের মণ্ড, মিশ্র ধাতু, পিতল, সিমেন্ট, প্লাস্টার, ভিডিওগ্রাফি, প্লাস্টার, কাঠ ইত্যাদি দিয়ে তৈরি। এসব শিল্পকর্ম নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের জয়নুল গ্যালারিতে শুরু হয়েছে ভাস্কর্য বিভাগের বার্ষিক শিল্পকর্ম প্রদর্শনী-২০১৬। বুধবার সকালে সপ্তাহব্যাপী এ প্রদর্শনীর উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক।



*চারুকলার জয়নুল গ্যালারিতে ভাস্কর্য প্রদর্শনীতে দর্শনার্থী* –জনকণ্ঠ

প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন– ভাস্কর অধ্যাপক হামিদুজ্জামান, চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেন ও শিল্পাচার্য জয়নুল আবেদিনের পুত্র প্রকৌশলী ময়নুল আবেদিন। এ প্রদর্শনীতে ঠাঁই পেয়েছে ভাস্কর্য বিভাগের ২০১৫-১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের শিল্পকর্ম। নানা মাধ্যমে তৈরি ৫১টি নির্বাচিত শিল্পকর্ম নিয়ে এ প্রদর্শনী। উদ্বোধনী অনুষ্ঠানে সেরা ৫টি শিল্পকর্মকে পুরস্কৃত করা হয়। এতে নিরীক্ষামূলক শ্রেষ্ঠ পুরস্কার পেয়েছেন সুমন বর্মণ, মাধ্যম শ্রেষ্ঠ পুরস্কার পেয়েছেন মাহফুজ উদ্দিন হোসেন, ভাস্কর নভেরা আহমেদ *(১৯ পৃষ্ঠা ২ কঃ দেখুন)*

## ঢাবি ভাস্কর্য

(২০-এর পৃষ্ঠার পর)

স্মৃতি পুরস্কার পেয়েছেন মোঃ জাহিদুল হক, অধ্যাপক আব্দুর রাজ্জাক স্মৃতি পুরস্কার পেয়েছেন সুস্মিতা মুখার্জী মিষ্টি, শিল্পী আনোয়ার জাহান স্মৃতি পুরস্কার পেয়েছেন সামান্তা শারমিন। মানসম্পন্ন শিল্পকর্ম না থাকায় এ বছর ভাস্কর্য বিভাগে জয়নুল আবেদিন স্বর্ণপদক পুরস্কার প্রদান করা হয়নি। প্রদর্শনী চলবে আগামী ৭ নবেম্বর পর্যন্ত।

**জাতীয় রবীন্দ্রসঙ্গীত সম্মিলন পরিষদের 'মানবতা ও সম্প্রীতির সম্মেলন' কাল ॥** গান, কবিতা, নাটক নিয়ে মানবতা ও সম্প্রীতির সম্মেলনের আয়োজন করেছে জাতীয় রবীন্দ্রসঙ্গীত সম্মিলন পরিষদ। ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের বকুল তলায় আগামীকাল শুক্রবার সন্ধ্যা ৬টায় শুরু হবে এ সম্মেলন। কেন্দ্রীয় পরিষদ আয়োজিত এ সম্মেলনে বক্তব্য রাখবেন– পরিষদের সভাপতি সন্‌জীদা খাতুন, সদস্য ডাঃ সারোয়ার আলী, মফিদুল হক ও সুলতানা কামাল।
এ উপলক্ষে বুধবার সকালে ধানমণ্ডির ছায়ানট সংস্কৃতি ভবনের রমেশচন্দ্র দত্ত স্মৃতি মিলনকেন্দ্রে এক সংবাদ সম্মেলন হয়।